


প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১২:১৪
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১২:৪৭

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

নিজ শহরে আনিসুল হকের মরদেহ পৌঁছাবে দুপুর ১টা ১০ মিনিটে

| অনলাইন প্রতিবেদক



লন্ডনে প্রথম জানাজা শেষে আনিসুল হকের প্রতি শ্রদ্ধা জানাচ্ছেন প্রবাসীরা

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের মরদেহ বহনকারী ফ্লাইট ঢাকায় পৌঁছাবে শনিবার দুপুর ১টা ১০মিনিটে। বিমানের বিজি২০২ ফ্লাইটটি সিলেট পৌঁছেছে। এরপর সেখানে ট্রানজিট যাত্রী ও মালামাল লোড-আনলোডের কাজ সম্পন্ন

হলে ঢাকার উদ্দেশ্যে রওনা দেবে। দুপুর ১টা ১০ মিনিটে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে ফ্লাইটটির।

বিমানবন্দর থেকে তার মরদেহ নেওয়া হবে বনানীর বাসায়। সেখানে আনিসুল হকের শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনের শেষ শ্রদ্ধা জানানোর জন্য রাখা হবে।

সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য তার মরদেহ বিকাল ৩টা থেকে আর্মি স্টেডিয়ামে রাখা হবে। সেখানেই বিকাল ৪টায় আসরের নামাজের পর তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। এরপর তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

জানা গেছে, বাংলাদেশ সময় শুক্রবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে আনিসুল হকের মরদেহ নিয়ে দেশের উদ্দেশ্যে রওনা হন পরিবারের সদস্যরা।

এর আগে শুক্রবার বাদ জুমা আনিসুল হকের প্রথম জানাজা লন্ডনের রিজেন্ট পার্ক সেন্ট্রাল মসজিদে অনুষ্ঠিত হয়। জানাজায় বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি, কমিউনিটি নেতৃবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও শুভানুধ্যায়ীরা অংশ নেন। জানাজা শেষে অশ্রুসিক্ত নয়নে তারা আনিসুল হককে বিদায় জানান।

উল্লেখ্য, বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। এরপর তার মরদেহ লন্ডনের ওয়েলিংটন হাসপাতালের হিমঘরে রাখা হয়। শুক্রবার স্থানীয় সময় সকাল ১১টায় তার মরদেহ আনা হয় রিজেন্ট পার্ক সেন্ট্রাল মসজিদে।

বিডি প্রতিদিন/২ ডিসেম্বর, ২০১৭/ফারজানা